



জনাব সুদন্ত চাকমা

চেয়ারম্যান (সরকারের সিনিয়র সচিব পদমর্যাদায়)

ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।

জনাব সুদন্ত চাকমা 'ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স'-এর চেয়ারম্যান (সরকারের সিনিয়র সচিব পদমর্যাদায়) পদে ৩১ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখে যোগদান করেন।

জনাব সুদন্ত চাকমা ২৬ জানুয়ারি ২০২০ খ্রিঃ তারিখে সরকারের সচিব হিসেবে পদোন্নতি পান। অতঃপর, ২৭ ফেব্রুয়ারী ২০২০ খ্রিঃ তারিখ হতে ২৬ ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত চুক্তি ভিত্তিতে সরকারের সচিব পদমর্যাদায় তথ্য কমিশনের সচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন।

জনাব সুদন্ত চাকমা বিসিএস ৯ম ব্যাচের কর্মকর্তা হিসাবে ২৯ জানুয়ারি ১৯৯১ খ্রিঃ তারিখে সরকারী চাকুরীতে যোগদান করেন। তিনি তাঁর সুদীর্ঘ চাকুরী জীবনে পানি সম্পদ মন্ত্রণালয়ে সহকারী সচিব, ফেনী জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার, কক্সবাজার জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার, চট্টগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ে সিনিয়র সহকারী কমিশনার, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড চেয়ারম্যানের একান্ত সচিব, রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে উপ-পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর একান্ত সচিব, উপসচিব, যুগ্মসচিব (উন্নয়ন) ও অতিরিক্ত সচিব (উন্নয়ন) হিসাবে দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।

জনাব সুদন্ত চাকমা চাকুরী জীবনে উন্নয়ন ও প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের সাথেও সম্পৃক্ত ছিলেন। তিনি ADB এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত 'পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্পে উপ-প্রকল্প পরিচালক হিসাবে লিয়েনে কাজ করেছেন। তিনি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে চাকুরীকালীন অতিরিক্ত দায়িত্ব হিসাবে ঢাকার বেইলী রোডে নির্মিত 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় UNDP কর্তৃক বাস্তবায়িত 'Strengthening Inclusive Development in CHT' শীর্ষক প্রকল্পের National Project Director (NPD) হিসাবে দায়িত্ব পালন করেছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসাবে ভারত, ভুটান, চীন, নেপাল, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, লাওস, কম্বোডিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ফ্রান্স, বেলজিয়াম, সুইজারল্যান্ড, ইটালী, রাশিয়া, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, আমেরিকায় বিভিন্ন সভা, সেমিনারে ও প্রশিক্ষণে অংশ গ্রহণ করেছেন।

জনাব সুদন্ত চাকমা রাংগামাটি পার্বত্য জেলাধীন বাঘাইছড়ি উপজেলার বাঘাইছড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাঘাইছড়ি উপজেলার কাচালং হাই স্কুল হতে এসএসসি এবং রাংগামাটি সরকারী কলেজ হতে এইচএসসি পাশ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতিতে স্নাতক (সম্মান) ও এম এ ডিগ্রী অর্জন করেন।

তাঁর সহধর্মিণী বিদেশে আন্তর্জাতিক সংস্থা ইউনিসেফ-এ কর্মরত আছেন, এবং তিনি এক কন্যা সন্তানের জনক।